

NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

[عرض هذه الوثيقة باللغة العربية](#) | [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন](#) | [查看本文件的中文版](#) |

[Consultez ce document en français](#) | [Gade dokiman sa a an kreyòl ayisyen](#) |

[이 문서를 한국어로 보기](#) | [Consulte este documento en español](#) |

[Перевод документа на русский язык](#) | [به دستاویز اردو میں ملاحظہ کریں](#) |

schools.nyc.gov/messagesforfamilies

12 জুন, 2023-এর সপ্তাহ

পরিবারদের জন্য এই হালনাগাদকৃত তথ্য সামার রাইজিংয়ে তালিকাভুক্তি বা এনরোলমেন্ট এবং সামারে বিনা খরচে খাবার সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

বিষয়সূচি:

- [সামার রাইজিং প্রোগ্রামে তালিকাভুক্তি \(এনরোলমেন্ট\)](#)
- [সামারের খাবার দেয়া শুরু হবে 28 জুন](#)

সামার রাইজিং প্রোগ্রামে তালিকাভুক্তি (এনরোলমেন্ট)

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, আনুমানিক 94,000 শিক্ষার্থী এপর্যন্ত সামার রাইজিং প্রোগ্রামের আসনে স্থানলাভ করেছে, অবশিষ্ট আসনগুলো সেসব শিক্ষার্থীদের যাদের আবশ্যিকভাবে সামার অ্যাকাডেমিক শিক্ষা-নির্দেশনায় অংশ নিতে হবে। আগামী সপ্তাহগুলিতে কিছু নির্ধারিত সংখ্যক আসন লভ্য হতে পারে। এইসব শূন্য আসনের জন্য তালিকাভুক্তি দুই ধাপে ভাগ করা হবে।

ধাপ 1 (বিদ্যমান আবেদনকারীগণ):

যেসব সামার রাইজিং সাইটে আসন লভ্য রয়েছে, এবং সেগুলোর সাথে সংযুক্ত কমিউনিটি-ভিত্তিক সংগঠনের (CBO) যোগাযোগের তথ্যসহ একটি প্রাথমিক তালিকা nyc.gov/SummerRising সাইটে **শুক্রবার, 16 জুন** তারিখ থেকে পাওয়া যাবে। এইসব আসনে স্থান পাবার অগ্রাধিকার নিম্নরূপ:

- **অগ্রাধিকার 1:** ভাই-বোন যারা ভিন্ন প্রোগ্রামে আসন পেয়েছে অথবা কোনো আসন পায়নি
- **অগ্রাধিকার 2:** CBO এবং স্কুলের সাথে যুক্ত শিক্ষার্থী
- **অগ্রাধিকার 3:** অন্যান্য সমস্ত শিক্ষার্থী

যেসব পরিবারের জন্য কোনো আসন লভ্য হবে তাদের সাথে ইমেইলের মাধ্যমে যেটি তারা 16 জুন থেকে শুরু হওয়া প্রাথমিক এনরোলমেন্টের সময় দিয়েছিলো সেটি ব্যবহার করে CBO-সমূহ কর্তৃক ধাপ 1 সম্পর্কে সরাসরি যোগাযোগ করা হবে।

ধাপ 2:

ধাপ 1-এর পরে যেকোনো লভ্য আসনের বিষয়ে nyc.gov/SummerRising -এ **শুক্রবার, 23 জুন** পোস্ট করা হবে।

- এপ্রিলে যেসব পরিবার সামার রাইজিং প্রোগ্রামে আবেদন করেনি তাদের জন্য, NYCPS, শুক্রবার, 23 জুন তারিখ লভ্য সাইটের জন্য (nyc.gov/SummerRising -এর মাধ্যমে) পুনরায় এনরোলমেন্ট পোর্টাল খুলবে।
- অবশিষ্ট আসনের জন্য পরিবারেরা আবেদন করতে সক্ষম হবেন।
- CBO-সমূহ পরিবারদের CBO/সামার রাইজিং প্রোগ্রামে তাদের গৃহীত হবার তথ্য এবং তালিকাভুক্তির (এনরোলমেন্টের) জন্য প্রয়োজনীয় ফর্মসমূহ সম্পর্কে জানাবে।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুল, সামার রাইজিং CBO, অথবা ইমেইলের মাধ্যমে summer@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।

গ্রীষ্মকালীন খাবার (সামার মিলস্) দেয়া শুরু হবে 28 জুন

গ্রীষ্মকালীন খাবার (সামার মিলস্) দেয়ার পরিষেবা শুরু হবে **বুধবার, 28 জুন!** NYC পাবলিক স্কুলস্-এর সামারের খাবারের প্রোগ্রামে নিউ ইয়র্ক সিটিব্যাপী যেকোনো 18 বা তার কম বয়সীদের জন্যে বিনামূল্যে, পুষ্টিকর ব্রেকফাস্ট এবং লাঞ্চের খাবার প্রদান করা হয়। নির্দিষ্ট পাবলিক স্কুল, কমিউনিটি পুল সেন্টার, পার্ক, এবং ফুড ট্রাকে খাবার পাওয়া যাবে। কোনও রেজিস্ট্রেশন, প্রমাণ বা ডকুমেন্টেশন, অথবা ID-এর প্রয়োজন নেই।

গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- গ্রীষ্মকালীন খাবারের কর্মসূচি (সামার মিলস্ প্রোগ্রাম) চলবে 28 জুন থেকে 1 সেপ্টেম্বর, 2023 পর্যন্ত।
- নির্ধারিত কিছু স্থান বুধবার, 28 জুন (ঈদ উল-আজহা) খোলা থাকবে। সকল সিটিব্যাপী স্থানগুলি পরিষেবার জন্য বৃহস্পতিবার, 29 জুন, 2023 তারিখে খোলা থাকবে।
- মঙ্গলবার, 4 জুলাই, 2023 (ফোর্থ অভ জুলাই) কোনো গ্রীষ্মকালীন খাবার (সামার মিলস্) পরিষেবা থাকবে না।

আরও জানতে এবং সর্বশেষ তথ্য পেতে অনুগ্রহ করে schools.nyc.gov/summermeals দেখুন।